# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৭৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭) মসজিদকে পরিস্কার ও পবিত্র রাখার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা সুগন্ধিযুক্ত করার বর্ণনা

الترغيب في تنظيف المساجد وتطهيرها وما جاء في تجميرها

আরবী

(صحيح) عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ امْرَأَةً سَوْدَاءَ كَانَتْ تَقُمُّ الْمَسْجِدَ فَفَقَدَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَ عَنْهَا بَعْدَ أَيَّامٍ فَقِيلَ لَهُ إِنَّهَا مَاتَتْ قَالَ فَهَلَّا آذَنْتُمُونِي فَأَتَى قَبْرَهَا فَصَلَّى عَلَيْهَا

رواه البخاري ومسلم وابن ماجه بإسناد صحيح واللفظ له .

বাংলা

২৭৬. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। জনৈক কৃষ্ণাঙ্গ মহিলা মসজিদে নববী ঝাড়ু দেয়ার কাজ করত। একদা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে দেখতে পেলেন না। কয়েকদিন পর তার সম্পর্কে জিজ্ঞেস করলে তাঁকে বলা হলঃ সে মৃত্যু বরণ করেছে। তিনি বললেনঃ ”তার মৃত্যু সংবাদ তোমরা আমাকে দাওনি কেন?” অতঃপর তিনি তার কবরের কাছে এসে কবরের উপর জানাযার সালাত পড়লেন।

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৪৫৮, মুসলিম ৯৫৬, সহীহ সনদে ইবনু মাজাহ্ ১৫২৭ এবং ইবনু খুযায়মাহ (সহীহ্) গ্রন্থে। এ হাদীসের বাক্য ইবনু মাজাহ্ থেকে গৃহীত।

ইবনু খুযায়মাহর রেওয়ায়াতে বলা হয়ঃ إن امرأة كانت تلقط الخرق والعيدان من المسجد জনৈক মহিলা মসজিদ থেকে নেকড়া ও খড়কুটা কুড়ানোর কাজ করত...।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88047

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন